দৈনিক
জনকণ্ঠ

তারিখ 12 JAN 2003
পৃষ্ঠা ... কলাম ...

# কুড়িগ্রামের নিভৃত পল্লীতে ব্যতিক্রমী এক শিক্ষা বিষয়ক সম্মেলন




—জনকণ্ঠ

*কুড়িগ্রাম : বাঁ থেকে–ছিনাই সম্মেলনে সুধীবৃন্দ; দর্শকদের একাংশ*

রাজু মোস্তাফিজ, কুড়িগ্রাম থেকে ॥ বিংশ শতাব্দীতে বিশ্ব মানবতার বিরুদ্ধে উত্তপ্ত বিষবৃক্ষ ক্রমে ক্রমে যে ধ্বংসাত্মক রূপ ধারণ করেছে এই সঙ্কট থেকে বেরিয়ে আসার উপায় খুঁজে বের করার জন্যই সম্প্রতি দিনব্যাপী জেলার প্রত্যন্ত ছিনাই গ্রামে এক শিক্ষা বিষয়ক সম্মেলন 'দি ছিনাই কনফারেন্স' অনুষ্ঠিত হয়। শতাব্দীর পর শতাব্দী ধরে সঞ্চিত জ্ঞান, অভিজ্ঞতা এবং শিক্ষাকে কাজে লাগিয়ে বর্তমান ও আগামী প্রজন্মকে ইতিবাচক সৃজনশীল পথের দিকনির্দেশনা দেয়ার জন্যই কিছু শিক্ষাবিদ ও স্থানীয় মুক্তিযোদ্ধা এই সম্মেলনের আয়োজন করেন। সম্মেলনের প্রধান অতিথি ছিলেন যোগাযোগ উপমন্ত্রী আসাদুল হাবিব দুলু। সভাপতিত্ব করেন প্রবীণ শিক্ষাবিদ সন্তোষচন্দ্র চক্রবর্তী। লন্ডনের অক্সফোর্ড প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মোহম্মদ শামসুল হক শিক্ষা বিষয়ক মূল প্রবন্ধ পাঠ করেন। তিনি তাঁর বক্তব্যে বলেন, বিংশ শতাব্দীর শেষার্ধে আমাদের গ্রামের বিস্তর রূপান্তর ঘটেছে। আমাদের দেশের চেহারা অনেক পাল্টে গেছে আমরা পেয়েছি স্বাধীনতা, সময়ের সঙ্গে সঙ্গে হয়েছে ব্যাপক পরিবর্তন। পৃথিবীর মানুষ বিশ্বায়নের পথে। বিশ্বায়নের কর্ণধাররা বলছেন, পৃথিবীতে বসবাসকারী সব দেশ ও জাতি একে অন্যের অনেক কাছাকাছি চলে এসেছে। কম্পিউটার বা তার চেয়েও কোন আধুনিক প্রযুক্তি মুহূর্তেই দূরকে করছে নিকট থেকে নিকটতর। তাই সঙ্কটকে পাড়ি দিতে শিক্ষাকে আমরা কাজে লাগাতে পারি। যোগাযোগ উপমন্ত্রী বলেন, ছিনাইয়ে শিক্ষা বিষয়ক কর্মশালা এ অঞ্চলের মানুষকে অনেক নতুন ধারণা দেবে। শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা না বাড়িয়ে তিনি শিক্ষাবিদদের প্রতি শিক্ষার মান বাড়ানোর আহ্বান জানান। ইংল্যান্ডে কর্মরত আরেক ইউনিভার্সিটি অধ্যাপক ড. মোজাম্মেল হক বলেন, আমাদের দেশের শিক্ষার মান আন্তর্জাতিক পর্যায়ে নিয়ে যেতে হবে। তিনি আরও বলেন, আধুনিক শিক্ষা ছাড়া কোন জাতি উন্নতি করতে পারে না। এজন্য সরকারসহ সবাইকে এগিয়ে আসতে হবে।

পশ্চাৎপদ এই জেলায় শিক্ষা বিষয়ক 'দি ছিনাই কনফারেন্সে' উত্তরাঞ্চলের বিভিন্ন জেলার পাঁচ শতাধিক শিক্ষাবিদ উপস্থিত ছিলেন। এঁদের মধ্যে ছিলেন বিভিন্ন স্কুল-কলেজ ও মাদ্রাসার প্রধান শিক্ষক, শিক্ষয়িত্রী। এ ছাড়াও সরকারী কর্মকর্তা ও ছিনাই ইউনিয়নের স্থানীয় নারী ও পুরুষ এ সম্মেলনে অংশগ্রহণ করেন।